

# আপনার কার্ড আপনার যত্ন

আপনার সোশ্যাল সিকিউরিটি বা ক্রেডিট কার্ড যেভাবে সংরক্ষণ করেন ঠিক তেমনিভাবে আপনার মেডিকেইড কার্ড সংরক্ষণ করুন—এটি কারো কাছে ধার দিবেন না বা বিক্রয় করবেন না। আপনার নিজের টাকা বা চেকবুকের মতো করে এটি নিরাপদ জায়গায় রাখুন—সবার দৃষ্টিসীমার বাইরে রাখুন।

আপনার মেডিকেইড কার্ড, মেডিকেইড নম্বর বা অন্যান্য চিকিৎসা বিষয়ক তথ্য এমন কারো সাথে শেয়ার করবেন না যাদের এ তথ্য পাওয়ার অনুমোদন নেই। এই তথ্য শুধুমাত্র আপনার ডাক্তার, ক্লিনিক, হাসপাতাল, ড্রাগ স্টোর বা অন্যান্য হেলথ কেয়ার প্রোভাইডারদের সাথে শেয়ার করা উচিত।


যদি আপনার সন্দেহ হয় যে কোনো ব্যক্তি আপনার মেডিকেইড কার্ড বা নম্বর অনুচিতভাবে ব্যবহার করার চেষ্টা করছে, তাহলে মেডিকেইড ইন্সপেক্টর জেনারেলের অফিসে (অফিস অব দি মেডিকেইড ইন্সপেক্টর জেনারেল) এই সম্পর্কে জানান। কারা এর সাথে জড়িত, কখন এটি হয়েছিল, কী কী অপরাধ হয়েছে এবং এই অসদাচরণের কোনো সাক্ষী রয়েছে কি না তা রিপোর্টে অন্তর্ভুক্ত করুন।

আপনি বেনামেও সন্দেহজনক প্রতারণা সম্পর্কে জানাতে পারবেন। তবে, আপনার নাম এবং যোগাযোগের অন্যান্য তথ্য প্রদান করলে, তদন্তকারীদের যদি আরো তথ্যের প্রয়োজন হয় তাহলে সেই তথ্য তাদের সহায়তা করবে।

**877-87-FRAUD  
(877-873-7283)**



## Office of the Medicaid Inspector General



[www.omig.ny.gov](http://www.omig.ny.gov)



Office of the Medicaid  
Inspector General

# আপনার মেডিকেইড কার্ড এবং নম্বর সুরক্ষিত রাখা



# নিজেকে সুবক্ষিত রাখুন। আপনার প্রোগ্রাম সুবক্ষিত রাখুন। আপনার মেডিকেইড কার্ড এবং নম্বর সুবক্ষিত রাখুন।

মেডিকেইড প্রতারণা ক্ষতিগ্রস্ত ব্যক্তিবিশী কোনো অপরাধ নয়। অননুমোদিত লাভের জন্য অন্যকে উদ্দেশ্যমূলকভাবে প্রতারণিত করা বা ভুলভাবে উপস্থাপনা করা আপনার স্বাস্থ্য সেবাকে ঝুঁকিগ্রস্ত করতে পারে, করদাতার অর্থ নষ্ট করে দিতে পারে এবং এটি আইনের পরিপন্থী।

মেডিকেইড প্রতারণার ক্ষেত্রে আপনাকে বিশেষভাবে যা অরক্ষিত করে রাখতে পারে তা হচ্ছে আপনার ডাক্তার, ক্লিনিক, হাসপাতাল বা অন্যান্য মেডিকেইড প্রোভাইডার ব্যতীত অন্য কারো সাথে আপনার মেডিকেইড কার্ড বা নম্বর শেয়ার করা।

## মেডিকেইড কার্ড বা নম্বর অনুচিতভাবে শেয়ার করার কারণগুলো



- কোনো বন্ধু বা পরিবারের সদস্যকে সহায়তা করা যার চিকিৎসা প্রয়োজন কিন্তু তার স্বাস্থ্যসেবা বিমা নেই।
- টাকা, পণ্যদ্রব্য বা মেডিকেইডের আওতাভুক্ত নয় এমন সেবার জন্য কার্ড বা নম্বর বিক্রি বা বিনিময়।
- অনুচিতভাবে ব্যক্তিগত শনাক্তকরণের ধরন হিসেবে মেডিকেইড কার্ড ব্যবহার করা।
- ঘরে ঘরে অথবা টেলিফোনের বিক্রয়কর্মী, যারা মেডিকেইড কার্ড বা নম্বরের জন্য অনুরোধ করে তাদেরকে তা দেওয়া।
- বিনামূল্যে মেডিক্যাল টেস্ট, পরীক্ষা বা অন্যান্য উপহার প্রদান করেন এমন অপরিচিত ব্যক্তিদেরকে মেডিকেইড কার্ড বা নম্বর দেওয়া।
- এমন কারো থেকে নিজেকে রক্ষা করা যিনি তাদের মেডিকেইড কার্ড বা নম্বর আপনি শেয়ার না করলে আপনাকে বা আপনার পরিবারকে হুমকি দেন।

## একটি মেডিকেইড কার্ড বা নম্বর অনুচিতভাবে শেয়ার ফলাফল

- অন্য কোনো ব্যক্তির ব্যক্তিগত বা চিকিৎসা সম্পর্কিত তথ্য আপনার মেডিক্যাল রেকর্ডে সংরক্ষণ করা হতে পারে এবং যখন আপনার চিকিৎসার প্রয়োজন হবে তখন তা ভুল পথে পরিচালিত হতে পারে।
- মেডিকেইড আপনার প্রয়োজনীয় যত্নের জন্য অর্থ প্রদান করবে না, যদি একই যত্নের জন্য তারা ইতোমধ্যে অন্য কোনো ব্যক্তিকে অর্থ প্রদান করে থাকে।
- মেডিকেইডকে অর্থ ফেরত দেওয়ার প্রয়োজন হতে পারে।
- একটি মেডিকেইড কার্ড বা নম্বর অপব্যবহারের অনুমতি দেওয়ার জন্য আপনাকে বা আপনার কার্ড ব্যবহারকারী ব্যক্তিকে দশ বছর পর্যন্ত কারাদণ্ড এবং 500,000 মার্কিন ডলার জরিমানায় দণ্ডিত করা হতে পারে।



## আপনি কী করতে পারেন?

যদি আপনি সন্দেহ করেন যে কেউ আপনার মেডিকেইড কার্ড বা নম্বর অনুচিতভাবে ব্যবহার করছে,

## প্রতারণা সম্পর্কে জানান!

Office of the Medicaid Inspector General  
Bureau of Medicaid Fraud Allegations  
800 North Pearl Street  
Albany, NY 12204

কল করার মাধ্যমে:

877-87-FRAUD

877-873-7283

অথবা ওয়েবের মাধ্যমে:

[www.omig.ny.gov/medicaid-fraud/file-allegation](http://www.omig.ny.gov/medicaid-fraud/file-allegation)